194

দৈনিক ইনকিলাব

তারিখ 15 FEB 1998
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

### রাঃবিঃ'র ২টি হলে ব্যাপক তল্লাশি ৩৭ গ্রেফতার

# ছাত্রদের পুলিশী হয়রানির আতঙ্ক ঃ ছাত্র লীগের বিক্ষোভ

রাঃবিঃ রিপোর্টার ঃ অত্যন্ত শান্ত পরিস্থিতিতে গত দু'দিন পুলিশ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দু'টি হলে ব্যাপক তল্লাশি করে ৩৭ জনকে গ্রেফতার করেছে। ডাইনিং-এর মিলচার্জ বৃদ্ধির প্রতিবাদ অব্যাহত রয়েছে। নিষেধাজ্ঞা অমান্য করায় বিশ্ববিদ্যালয় প্রশাসন মুজীববাদী ছাত্র লীগকে শো'কজ করেছে।

গত ঈদের ছুটির পর ক্যাম্পাসে অত্যন্ত শান্ত পরিস্থিতি বিরাজ করছে। তবে নতুন করে ছাত্রদের মধ্যে পুলিশী আতঙ্ক বিরাজ করে। পুলিশী হয়রানির কারণে তারা উদ্বিগ্ন। গত বৃহস্পতিবার ও শুক্রবার দিবাগত গভীর রাতে পুলিশ শাহ্ মখদুম ও শেরে বাংলা হলে তল্লাশি চালিয়ে ৩৭ জনকে গ্রেফতার করে। এ সময় পুলিশ কোন অস্ত্রশস্ত্র বা নিষিদ্ধ দ্রব্য পায়নি।

এদিকে মুজীববাদী ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে নিষেধাজ্ঞা অমান্য করে বিক্ষোভ মিছিল বের করে।